মেহেরপুর-১ আসনে ৩ প্রার্থীর মেহেরপুর বৈধ ঘোষণা

মেহেরপুর-১ আসনে ৩ প্রার্থীর মনোনয়ন বৈধ ঘোষণা করা হয়েছে। বৈধ ঘোষিত প্রার্থীরা হলেন বিএনপি প্রার্থী মাসুদ অরুন, জামায়াত প্রার্থী মোঃ তাজউদ্দিন খান এবং জাতীয় পার্টির প্রার্থী মোঃ আব্দুল হামিদ।

শনিবার সকাল ১১টায় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মেহেরপুর-১ আসনে দাখিলকৃত প্রার্থীদের মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে এই তিন প্রার্থীর মনোনয়নপত্রে কিছু ত্রুটি থাকায় সকালে যাচাই-বাছাই শেষে বিকেল পর্যন্ত সিদ্ধান্ত স্থগিত রাখা হয়। পরে নির্ধারিত সময়ের মধ্যে ত্রুটি সংশোধন করে পুনরায় জমা দিলে বিকেলে তাদের মনোনয়নপত্র বৈধ ঘোষণা করা হয়।

হুসেইন মুহাম্মদ এরশাদের ৯৪তম জন্মবার্ষিকী পালন

সাবেক রাষ্ট্রপতি জাতীয় পার্টি প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মরহুম হুসেইন মুহাম্মদ এরশাদের ৯৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

গতকাল মঙ্গলবার রাতে কাথুলি বাসস্ট্যান্ড সংলগ্ন জাতীয় পার্টি অস্থায়ী কার্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়।

জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য এবং মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহবায়ক মোঃ মোসলেম আলী, জেলা জাতীয় পার্টি সদস্য সচিব আব্দুর রাজ্জাক, জেলা জাতীয় পার্টি যুগ্ন আহবায়ক মোঃ আমিরুল ইসলাম, জেলা জাতীয় পার্টি যুগ্ম আহবায়ক মোঃ নজরুল ইসলাম, জেলা জাতীয় পার্টি যুগ্ন আহবায়ক মোঃ সোহরাব হোসেন, জাতীয় তরুণ পার্টি মেহেরপুর জেলার আহবায়ক

মোঃ রবিউল ইসলাম, জাতীয় মুক্তিযোদ্ধা প্রজন্ম পার্টি মোঃ রাসেল শেখ মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য মোঃ বজলুর রহমান, লালচাঁদ সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।